...

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

সাধারণ শাখা

www.sylhet.gov.bd

## সিলেট জেলা উন্নয়ন সমন্বয় কমিটির নভেম্বর/২০২২ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মজিবর রহমান<br>জেলা প্রশাসক, সিলেট |
| সভার তারিখ | ২০ নভেম্বর, ২০২২ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলনকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর উন্নত সমৃদ্ধ সোনার বাংলা বিনির্মাণে সকলের সহযোগিতা কামনা করেন। সকলের সম্মিলিত প্রচেষ্টায় পূণ্যভূমি সিলেট এর উন্নয়ন কার্যক্রম এগিয়ে নেয়ার আশাবাদ ব্যক্ত করেন। অক্টোবর, ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ১৬ নম্বর অনুচ্ছেদে আলোচনা অংশে প্রয়োজনীয় সংশোধনী বর্তমান কার্যবিবরণীর ১৬ নম্বর অনুচ্ছেদের আলোচনা অংশে প্রতিস্থাপনপূর্বক কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের আলোকে বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও কার্যপত্রসমূহ উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | স্বাস্থ্য বিভাগ | সিভিল সার্জন, সিলেট জানান, সিলেট জেলার সকল উপজেলা ও সিটি কর্পোরেশনে মোট ভ্যাক্সিনেশনের হার ১ম ডোজ ৮৭%, ২য় ডোজ ৮৫%। ৩য় ডোজের কার্যক্রম চলমান রয়েছে। সিলেট সিটি কর্পোরেশন এলাকার বিদ্যালয়সমূহে ২য় ডোজের ভ্যাক্সিনেশন কার্যক্রম চলমান রয়েছে। ডেঙ্গু পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে এ জেলায় কেউ মারা যাননি।<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান, বালাগঞ্জ জানান, বালাগঞ্জ উপজেলায় কোভিড ভ্যাক্সিন গ্রহণের পর একটি মেয়ের পার্শ্বপ্রতিক্রিয়া দেখা যায়। ক্রমান্বয়ে মেয়েটির শারীরিক অবস্থার অবনতি ঘটছে। মেয়েটি দরিদ্র পরিবারের হওয়ায় উপজেলা পর্যায়ে আর্থিক সহযোগিতা দেয়া হচ্ছে। তিনি মেয়েটির চিকিৎসার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও আর্থিক সহযোগিতার জন্য অনুরোধ জানান।<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান, সিলেট সদর ভ্যাক্সিন প্রদানে নিয়োজিত স্বাস্থ্যকর্মীদের সতকর্তার সাথে ভ্যাক্সিন দেয়ার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ জানান।<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান, জৈন্তাপুর, সিলেট জানান, ৫০ শয্যাবিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর নবনির্মিত ভবনে জনবলের অভাবে পুরাতন ভবনেই সকল কার্যক্রম চলমান রয়েছে। পুরাতন ভবনটি ৩০ শয্যাবিশিষ্ট পাশাপাশি জরাজীর্ণ হওয়ায় রোগীদের সেবাগ্রহণে নানামুখী অসুবিধা পরিলক্ষিত হচ্ছে। অন্যান্য উপজেলা পরিষদ চেয়ারম্যানগণ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ জনবলের অভাবে বিভিন্ন সমস্যার বিষয় তুলে ধরেন এবং জনবল ঘাটতির বিষয়টি সমাধানের জন্য সভাপতির মাধ্যমে সিভিল সার্জন, সিলেট এঁর দৃষ্টি আকর্ষণ করেন। | ১. কোভিড ৩য় ডোজ ভ্যাক্সিনেশন কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনে প্রচারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২. ৫-১১ বছরের শিশুদের মধ্যে ভ্যাক্সিনেশন কার্যক্রম বাস্তবায়নে স্ব স্ব ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩. বালাগঞ্জ উপজেলাধীন কোভিড ভ্যাক্সিনেশনের পার্শ্বপ্রতিক্রিয়া জনিত কারণে অসুস্থ মেয়ের চিকিৎসার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪. ভ্যাক্সিন প্রদানে নিয়োজিত স্বাস্থ্যকর্মীদের সতকর্তার সাথে ভ্যাক্সিন দেয়ার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।<br>৫. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসমূহের নবনির্মিত ভবনে সেবা কার্যক্রম শুরুর বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৬. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসমূহে শূন্যপদ বিবেচনায় জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. সিভিল সার্জন, সিলেট<br>২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), সিলেট<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট<br>৪. মেয়র, পৌরসভা (সকল), সিলেট<br>৫. পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট<br>৬. জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সিলেট<br>৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সিলেট জেলার বিভিন্ন উপজেলায় নির্মানাধীন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং কমিউনিটি ক্লিনিকসমূহের নির্মাণ কাজের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট ২০২২-২৩ অর্থবছরে মেরামত ও সংস্কার কার্যক্রমে অদ্যাবধি বরাদ্দ পাওয়া যায়নি মর্মে সভায় অবহিত করেন। | ১. সিলেট জেলার বিভিন্ন উপজেলায় নির্মানাধীন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং কমিউনিটি ক্লিনিকসমূহের নির্মাণ কার্যক্রম ত্বরান্বিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২. ২০২২-২৩ অর্থবছরে মেরামত ও সংস্কার কার্যক্রমে বরাদ্দের বিষয়ে মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | সড়ক ও জনপথ বিভাগ | উপজেলা পরিষদ চেয়ারম্যান, সিলেট সদর সিলেট-সুনামগঞ্জ রোডের ত্রিমুখী চত্বরকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক অর্থমন্ত্রী প্রয়াত জনাব আবুল মাল আব্দুল মুহিত-এঁর নামে নামকরণের জন্য প্রস্তাব করেন। উপজেলা পরিষদ চেয়ারম্যান, বালাগঞ্জ তাঁর বক্তব্যে অনুরূপ প্রস্তাব রাখেন। সভায় উপস্থিত অন্যান্য উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং সভার সকল সদস্যগণ উক্ত প্রস্তাবের সাথে সম্মতি জ্ঞাপন করেন।<br>সড়ক ও জনপথ বিভাগ, সিলেট এর আওতাধীন বিশিষ্ট ব্যক্তিবর্গের নামীয় চত্বরসমূহে সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত সংবলিত ফলক স্থাপনের বিষয়ে সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যানগণ প্রস্তাব করেন।<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান, বিয়ানীবাজার জানান, বিয়ানীবাজার পৌরসভার ভিতরে কোন যাত্রী ছাউনী ও গণশৌচাগার নেই। তিনি একটি আধুনিক যাত্রী ছাউনী ও গণশৌচাগার নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সিলেট জানান সিলেট মেট্রোপলিটন এর আওতাধীন কুমারগাঁও বাস স্ট্যান্ড রোডের আরসিসি কাজ চলমান। সেখানে যানজট নিরসনে ট্রাফিক সুবিধা প্রদানের জন্য সভাপতির মাধ্যমে এসএমপি প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করেন। | ১. সিলেট-সুনামগঞ্জ রোডের ত্রিমুখী চত্বরকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক অর্থমন্ত্রী প্রয়াত জনাব আবুল মাল আব্দুল মুহিত-এঁর নামে নামকরণের বিষয়ে অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সড়ক ও জনপথ বিভাগ, সিলেট এর আওতাধীন বিশিষ্ট ব্যক্তিবর্গের নামীয় চত্বরসমূহে সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত সংবলিত ফলক স্থাপনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৩. বিয়ানীবাজার পৌরসভার ভিতরে একটি আধুনিক যাত্রী ছাউনী ও একটি গণশৌচাগার নির্মাণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৪. কুমারগাঁও বাস স্ট্যান্ড রোডে চলমান আরসিসি কার্যক্রমের ফলে সৃষ্ট যানজট নিরসনে ট্রাফিক পুলিশ মোতায়েন এর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সিলেট<br>২.উপ-পুলিশ কমিশনার (সদর ও প্রশাসন), এসএমপি, সিলেট<br>৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), সিলেট<br>৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট<br>৫. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | ভোলাগঞ্জ সাদা পাথর এলাকার উন্নয়ন কার্যক্রম নিয়ে আলোচনা হয়। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট জানান, গোলাপগঞ্জ উপজেলাধীন শিবপুর-বহরগ্রাম পয়েন্ট সংলগ্ন কুশিয়ারা নদীর উপর ৮৩৮ মি. দীর্ঘ ব্রিজ নির্মাণ হবে। ব্রিজের এপ্রোচ রোড তৈরির জন্য ভূমি অধিগ্রহণ প্রয়োজন। ফেঞ্চুগঞ্জ উপজেলাধীন গোলাপশাহ’র মাজার সংলগ্ন রাস্তার পার্শ্ববর্তী ঝুঁকিপূর্ণ ভবন ও বাউন্ডারি ওয়ালের ফলে সৃষ্ট সমস্যা ও সমাধানকল্পে বিস্তারিত আলোচনা হয়। | ১. ভোলাগঞ্জ সাদা পাথর এলাকার উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসে এ সভায় উপস্থাপন করতে হবে।<br>২. গোলাপগঞ্জ উপজেলাধীন শিবপুর-বহরগ্রাম পয়েন্ট সংলগ্ন কুশিয়ারা নদীর উপর নির্মিতব্য ব্রিজের এপ্রোচ রোড তৈরি করতে ভূমি অধিগ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩. ফেঞ্চুগঞ্জ উপজেলাধীন গোলাপশাহ’র মাজার সংলগ্ন রাস্তার পার্শ্ববর্তী ঝুকিপূর্ণ ভবন ও বাউন্ডারি ওয়াল অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট<br>২. উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেট |
| ৫. | গণপূর্ত বিভাগ | সিলেট জেলার সকল মডেল মসজিদের নির্মাণ কার্যক্রম নিয়ে আলোচনা হয়। | ১. দক্ষিণ সুরমা উপজেলা মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্রের নবনির্মিত ভবনটি নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সিলেট ও পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট কর্তৃক যৌথ পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। পরিদর্শন পরবর্তী সংশ্লিষ্ট প্রকৌশল অধিদপ্তর প্রতিবেদনসহ নির্ধারিত কমিটির নিকট মডেল মসজিদটি হস্তান্তর করবেন।<br>২. বিয়ানীবাজার উপজেলা পরিষদের নির্ধারিত স্থানে মডেল মসজিদের নির্মাণ কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সিলেট<br>২. উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা/ বিয়ানীবাজার/ বালাগঞ্জ/কোম্পানীগঞ্জ/জৈন্তাপুর/সিলেট সদর/গোয়াইনঘাট, সিলেট<br>৩. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট<br>৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা/ বিয়ানীবাজার/ বালাগঞ্জ/কোম্পানীগঞ্জ/জৈন্তাপুর/সিলেট সদর/গোয়াইনঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ৩. বালাগঞ্জ উপজেলা মডেল মসজিদের নির্মাণ কাজ ত্বরান্বিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪. কোম্পানীগঞ্জ উপজেলা মডেল মসজিদের জায়গা নির্ধারণে মন্ত্রী মহোদয়ের সাথে আলোচনান্তে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫. জৈন্তাপুর উপজেলায় নির্ধারিত স্থানে উপজেলা মডেল মসজিদের নির্মাণ কার্যক্রম শুরুর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬. সিলেট সদর উপজেলায় দ্রুততম সময়ের মধ্যে মডেল মসজিদের জায়গা নির্ধারণ করতে হবে।<br>৭. গোয়াইনঘাট উপজেলা মডেল মসজিদ এর সিড়ি নির্ধারিত পরিমাপে তৈরি কি না তা সরেজমিন পরিদর্শনক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৬. | ইসলামিক ফাউন্ডেশন | সিলেট জেলার সকল মডেল মসজিদের নির্মাণ কার্যক্রম নিয়ে আলোচনা হয়। | ১. দক্ষিণ সুরমা উপজেলা মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্রের নবনির্মিত ভবনটি নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সিলেট ও পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট কর্তৃক যৌথ পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। পরিদর্শন পরবর্তী সংশ্লিষ্ট প্রকৌশল অধিদপ্তর প্রতিবেদনসহ নির্ধারিত | ১. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সিলেট<br>২. উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা/ বিয়ানীবাজার/ বালাগঞ্জ/কোম্পানীগঞ্জ/জৈন্তাপুর/সিলেট সদর/গোয়াইনঘাট, সিলেট<br>৩. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট<br>৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা/ বিয়ানীবাজার/ বালাগঞ্জ/কোম্পানীগঞ্জ/জৈন্তাপুর/সিলেট সদর/গোয়াইনঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | কমিটির নিকট মডেল মসজিদটি হস্তান্তর করবেন।<br>২. বিয়ানীবাজার উপজেলা পরিষদের নির্ধারিত স্থানে মডেল মসজিদের নির্মাণ কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৩. বালাগঞ্জ উপজেলা মডেল মসজিদের নির্মাণ কাজ ত্বরান্বিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪. কোম্পানীগঞ্জ উপজেলা মডেল মসজিদের জায়গা নির্ধারণে মন্ত্রী মহোদয়ের সাথে আলোচনান্তে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫. জৈন্তাপুর উপজেলায় নির্ধারিত স্থানে উপজেলা মডেল মসজিদের নির্মাণ কার্যক্রম শুরুর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬. সিলেট সদর উপজেলায় দ্রুততম সময়ের মধ্যে মডেল মসজিদের জায়গা নির্ধারণ করতে হবে।<br>৭. গোয়াইনঘাট উপজেলা মডেল মসজিদ এর সিঁড়ি নির্ধারিত পরিমাপে তৈরি কি না তা সরেজমিন পরিদর্শনক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | সিলেট সিটি কর্পোরেশন | বর্তমান সময়ে মশার উপদ্রব বৃদ্ধির কারণে মশা নিধনের বিভিন্ন বিষয়ে সভায় আলোচনা হয়। পাশাপাশি বর্ধিত সিটি কর্পোরেশন এলাকায় বর্জ্য সমস্যার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর সভায় অবহিত করেন। | ১. মশা নিধনের জন্য প্রয়োজনীয় সকল উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>২. বর্ধিত সিটি কর্পোরেশন এলাকায় মশার ঔষধ ছিটানোসহ বর্জ্য ব্যবস্থাপনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক, সিলেট |
| ৮. | জেলা পরিষদ | বিয়ানীবাজার উপজেলাধীন চারখাই উচ্চ বিদ্যালয়ের পার্শ্বে জেলা পরিষদের জায়গা সংক্রান্ত জটিলতা এবং তা নিরসনকল্পে আলোচনা হয়। | বিয়ানীবাজার উপজেলাধীন চারখাই উচ্চ বিদ্যালয়ের পার্শ্বে জেলা পরিষদের জায়গা সংক্রান্ত জটিলতা নিরসনের লক্ষ্যে নির্ধারিত সার্ভেয়ারকে পরিমাপে বাধা দেয়ার বিষয়টি জবাবদিহীতায় আনতে উক্ত প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকের সাথে আলোচনার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট<br>২. উপজেলা নির্বাহী অফিসার, বিয়ানীবাজার, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯. | পানি উন্নয়ন বোর্ড | মেয়র, কানাইঘাট পৌরসভা জানান, কানাইঘাট সরকারি উচ্চ বিদ্যালয়ের দক্ষিণ পার্শ্বে সুরমা নদীর ডাইকের উপর বড় ধরণের ফাটল দেখা দিয়েছে। তিনি উক্ত জায়গা পরিদর্শনক্রমে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেটকে অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার জানান, বিয়ানীবাজার উপজেলায় বৈরাগীবাজারের পার্শ্বে কয়েক হাজার একর জমিতে কচুরিপানা থাকায় উক্ত জমিসমূহ কোন কাজে আসছে না। আধা কি.মি. জায়গা খনন করে মুড়িয়া হাওরের সাথে সংযোগ করলে উক্ত জমিসমূহ কৃষিকাজে ব্যবহার উপযোগী হবে।<br>উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট জানান, বন্যায় ক্ষতিগ্রস্ত বাঁধসমূহ সংস্কার ও প্রয়োজনীয় ক্ষেত্রে নির্মাণের জন্য কাবিটা প্রকল্পের আওতায় অদ্য বছরে গোয়াইনঘাট উপজেলায় কোন বরাদ্দ পাওয়া যায়নি। এ বিষয়ে নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট অদ্য বছরে মাত্র দুটি উপজেলায় উক্ত বরাদ্দ প্রদান করা হয় মর্মে জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ জানান, গোলাপগঞ্জ উপজেলাধীন বুধবারীবাজার ইউনিয়নে রাস্তার পার্শ্বে একটি সুইচ গেইট রয়েছে, যা জরুরিভিত্তিতে সংস্কার করা প্রয়োজন। | ১. কানাইঘাট সরকারি উচ্চ বিদ্যালয়ের দক্ষিণ পার্শ্বে সুরমা নদীর ডাইকের উপর সৃষ্ট ফাটল পরিদর্শনক্রমে জরুরিভিত্তিতে মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২. বিয়ানীবাজার উপজেলাধীন বৈরাগীবাজারের এলাকার জমি কৃষি কাজের ব্যবহার উপযোগী করতে জমির কচুরিপানা সরানোর জন্য প্রয়োজনীয় ক্ষেত্রে খাল খনন করে হাওরের সাথে সংযোগ স্থাপনের নিমিত্ত সরেজমিন পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. বন্যায় ক্ষতিগ্রস্ত বাঁধ নির্মাণ/মেরামতের জন্য কাবিটা প্রকল্পের আওতায় অর্থ বরাদ্দের বিষয়ে ক্ষতিগ্রস্ত উপজেলাসমূহের তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ এবং উক্ত পত্রের অনুলিপি স্থানীয় মন্ত্রী/এমপি মহোদয়কে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>৪. গোলাপগঞ্জ উপজেলাধীন বুধবারীবাজার ইউনিয়নে রাস্তার পার্শ্বের সুইচ গেইট জরুরিভিত্তিতে সংস্কার কার্যক্রমের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট<br>২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট<br>৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), সিলেট<br>৪. মেয়র, কানাইঘাট পৌরসভা, সিলেট |
| ১০. | এসএমপি | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ১১. | পুলিশ সুপারের কার্যালয় | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপজেলা পরিষদ চেয়ারম্যান, বালাগঞ্জ জানান, দিন দিন পানির লেয়ার নিচে নেমে যাচ্ছে। ফলে নিরাপদ পানির ঘাটতি দেখা দিচ্ছে। সুপেয় পানির সংকট নিরসনে চাহিদা অনুযায়ী বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়।<br>নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট জানান, ২০১৩ সালের দিকে উপজেলাওয়ারী ৪০টি টিউবওয়েল বরাদ্দ থাকলেও বর্তমানে ইউনিয়ন পর্যায়ে ২৬টি করে টিউবওয়েল একটি প্রকল্প থেকে দেয়া হচ্ছে। অন্যান্য জেলার তুলনায় সিলেট জেলায় বরাদ্দ বেশি থাকলেও এখানে চাহিদার তুলনায় তা অপ্রতুল। | বন্যা পরবর্তী সময়ে সুপেয় পানির ব্যবস্থা গ্রহণে প্রয়োজনীয় বরাদ্দের বিষয়ে মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট |
| ১৩. | সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ | ব্যবস্থাপক, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১, সিলেট বিদ্যুৎ ব্যবস্থা স্বাভাবিক রয়েছে মর্মে সভায় অবহিত করেন। এছাড়া ইতোমধ্যে আটটি সেচ সংযোগ দেয়া হয়েছে মর্মেও জানান।<br>নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট জানান, ফেঞ্চুগঞ্জ উপজেলা পরিষদের নবনির্মিত ভবনে বিদ্যুৎ সংযোগ প্রয়োজন। উপজেলা পরিষদ চেয়ারম্যান, ফেঞ্চুগঞ্জ অনুরূপ বিষয়ে আলোচনা করেন এবং এতদ্‌বিষয়ে বিদ্যুৎ বিভাগকে পত্র দেয়া হয়েছে মর্মে অবহিত করেন। | ১. কৃষি উৎপাদনে সংশ্লিষ্ট গ্রাহকের সেচ প্রদান বিষয়টি বিবেচনায় নিয়ে বিদ্যুৎ সংযোগ দিতে হবে।<br>২. ফেঞ্চুগঞ্জ উপজেলা পরিষদের নবনির্মিত ভবন পরিদর্শনক্রমে দ্রুত বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ |
| ১৪. | সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ | ব্যবস্থাপক, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২, সিলেট বিদ্যুৎ ব্যবস্থা স্বাভাবিক রয়েছে মর্মে সভায় অবহিত করেন। পিবিএস-২ এর অধীন ৩০০/৩৫০ এর মত সেচ চালু রয়েছে মর্মেও সভায় জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর জানান, খাদিমনগরে আশ্রয়ণ প্রকল্পের অধীনে ৪৪টি ঘর নির্মাণ করা হয়েছে। লোকজন ঘরে উঠে গিয়েছে। ঘরসমূহে ওয়্যারিং ও বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য ইতোমধ্যে ঘরের তালিকাসহ পত্র ব্যবস্থাপক, পিবিএস-২, সিলেট বরাবর প্রেরণ করা হয়েছে। | ১. কৃষি উৎপাদনে সংশ্লিষ্ট গ্রাহকের সেচ প্রদান বিষয়টি বিবেচনায় নিয়ে বিদ্যুৎ সংযোগ দিতে হবে।<br>২. সিলেট সদর উপজেলাধীন খাদিমনগরে আশ্রয়ণ প্রকল্পের অধীন নির্মিত ৪৪টি ঘরে বিদ্যুৎ সংযোগ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ |
| ১৫. | বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, সিলেট | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট জানান, ইতোমধ্যে ১৮% রোপা আমন ধান কাটা হয়েছে। উপজেলাসমূহে কৃষক সমাবেশকে সফল করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। কৃষি উপযোগী সরকারি প্রতিষ্ঠানের জায়গাসমূহ প্রশাসনিক বাঁধা না থাকলে তা চাষের আওতায় নিয়ে আসার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান।<br>সেচ প্রদানে প্রয়োজনীয় ডিজেল এর যাতে ঘাটতি না হয় এবিষয়ে তিনি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের দৃষ্টি আকর্ষণ করেন।<br>বর্তমান সময়ে কৃষির গুরুত্ব বিবেচনায় উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে অন্যান্য কাজে ট্যাগ অফিসার হিসেবে নিয়োগ না করার অনুরোধ জানান তিনি।<br>সভাপতি জানান, কানাইঘাট কৃষক সমাবেশে কৃষকগণ জমিতে ছন হওয়ায় জমিতে চাষ না করতে পারার বিষয়তি অবহিত করেন। কানাইঘাট উপজেলা পরিষদ থেকে ট্রাক্টরের মাধ্যমে ছন ভেঙ্গে চাষ করে দেয়ার বিষয়ে তৎক্ষণাৎ সিদ্ধান্ত হয়েছিলো। জমি চাষের আওতায় নিয়ে আসতে বর্ণিত সমস্যা সমাধানে উপজেলা পরিষদ, চেয়ারম্যান (সকল), সিলেটকে অনুরোধ জানানো হয়।<br>তিনি আরও জানান প্রতিটি উপজেলায় কৃষকগণের মধ্যে ১০/১৫ লক্ষ টাকার সার ও বীজ প্রণোদনা দেয়া হবে। প্রকৃত কৃষকদের মাঝে তা বিতরণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান, বালাগঞ্জ জানান, সিলেট অঞ্চলের বর্গা চাষীদের তালিকা না থাকায় তারা প্রণোদনা পাচ্ছেন না।<br>**গত সভার সংশোধনী:**<br>উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট প্রচার প্রচারণার ফলে এবছর তিন হাজার হেক্টর জমি বেশি রোপা আমন ধান চাষ হয়েছে মর্মে জানান। এজন্যে তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ১. কৃষি উপযোগী সরকারি প্রতিষ্ঠানের জায়গাসমূহ চাষের আওতায় নিয়ে আসার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৩. সেচ প্রদানে প্রয়োজনীয় ডিজেল এর সরবরাহ নিশ্চিত করতে হবে।<br>৪. কৃষির গুরুত্ব বিবেচনায় উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে আপাতত: অন্যান্য কাজে ট্যাগ অফিসার হিসেবে নিয়োগ না করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫. কৃষকের আবেদনের প্রেক্ষিতে কৃষি জমির ছন উপজেলা পরিষদ কর্তৃক ট্রাক্টরের মাধ্যমে ভেঙ্গে জমি চাষের উপযোগী করতে হবে।<br>৬. প্রণোদনার সার বীজ প্রকৃত কৃষকগণের নিকট পৌঁছাতে প্রয়োজনীয় সকল উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৭. সিলেট জেলার বর্গাচাষীদের তালিকা প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট<br>২. উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল), সিলেট<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট<br>৪. ব্যবস্থাপক, পদ্মা/মেঘনা/যমুনা, পেট্রোলিয়াম/ওয়েল কোম্পানী লিঃ, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | বিএডিসি (সেচ) বিভাগ, সিলেট | নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (সেচ), সিলেট জানান, সার্ফেস ওয়াটারকে সর্বোচ্চ কাজে লাগানোর জন্য রাজস্ব বাজেটের আওতায় এ বছর বরাদ্দ পাওয়া গেছে। ৭টি উপজেলার ১৯টি ইউনিয়নকে কানেক্ট করার জন্য কার্যক্রম শুরু হবে। সেচ অবকাঠামো নির্মাণের জন্য সাপোর্টিং হিসেবে ১৮টি সেচ স্কিমে বিদ্যুৎ লাইন তৈরী হবে। পল্লী বিদ্যুৎ সমিতি ও পিডিবি এর অধীনে কার্যক্রম চলমান রয়েছে। দ্রুত কার্যক্রম সম্পাদনের জন্য তিনি অনুরোধ জানান। | ১. সেচ অবকাঠামো নির্মাণের জন্য সাপোর্টিং হিসেবে ১৮টি সেচ স্কিমে বিদ্যুৎ লাইন তৈরীর কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।<br>২. আবাদযোগ্য পতিত জায়গাসমূহ আবাদের লক্ষ্যে প্রয়োজনীয় অংশে সেচ প্রদান করতে হবে। | ১. নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (সেচ), সিলেট<br>২. নির্বাহী প্রকৌশলী, পিডিবি-২, সিলেট<br>৩. ম্যানেজার, পিবিএস ১/২, সিলেট |
| ১৮. | বিএডিসি (বীজ) বিভাগ, সিলেট | বীজের সংগ্রহ ও বিতরণ কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১. বীজ বিতরণস্থলে দৃশ্যমান স্থানে বীজের পূর্বমূ্ল্য ও বর্তমান মূল্য সংবলিত ব্যানার স্থাপনের বিষয়ে ডিলারগণকে নির্দেশনা প্রদান করতে হবে।<br>২. অনিবাসী কৃষক বা অকৃষক যাতে বরাদ্দ না পায় সে বিষয়টি মনিটরিং করতে হবে। | ১. উপপরিচালক, বিএডিসি (বীজ), সিলেট<br>২. উপপরিচালক, কৃষি সম্পসারণ অধিদপ্তর, সিলেট<br>৩. উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল), সিলেট<br>৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| ১৯. | বিএডিসি (সার) বিভাগ, সিলেট | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ২০. | জেলা খাদ্য বিভাগ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট জানান, ১৩/১১/২০২২ তারিখ পর্যন্ত গুদামে চাল ৯৭৭২ মেঃটন, গম ৮৪০ মেঃটন ও ধান ৫৭৭ মেঃটন মজুদ আছে। মজুদ সন্তোষজনক। খাদ্যবান্ধব কর্মসূচীর অধীনে ২৮৪৪৬ জন উপকারভোগীর অনলাইন যাচাই কাজ চলমান আছে। খাদ্যবান্ধব কর্মসূচীর অধীনে ২০২২-২৩ অর্থ বছরে ১ম পর্যায়ের ৩(তিন) মাস সেপ্টেম্বর/২২ হতে নভেম্বর/২২ পর্যন্ত চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। সিলেট জেলার মোট ৫০ জন ডিলারের মাধ্যমে গত ০১/০৯/২০২২ হতে খোলাবাজারে চাল ও আটা বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। চালের মূল্য প্রতিকেজি ৩০/- এবং আটার মূল্য প্রতিকেজি ১৮/- টাকা। নভেম্বর/২২ পর্যন্ত ও.এম.এস কার্যক্রম চলমান থাকবে। | ১. ওএমএস ও খাদ্যবান্ধব কর্মসূচির অধীনে সুবিধাসমূহ উপকারভোগীর কাছে পৌঁছে দেয়ার লক্ষ্যে স্থানীয় পর্যায়ে প্রচার কার্যক্রম জোরদার করতে হবে।<br>২. উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ওএমএস ও খাদ্যবান্ধব কর্মসূচি নিয়মিত মনিটরিং করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট<br>২. উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল), সিলেট<br>৩. জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১. | জেলা মৎস্য বিভাগ | জেলা মৎস্য কর্মকর্তা, সিলেট জানান, ইলিশের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রতি বছর ১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত সারাদেশে জাটকা (১০ ইঞ্চির ছোট ইলিশ) আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ করা হয়েছে। এপ্রেক্ষিতে ইলিশের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে জাটকা সংরক্ষণে সিলেট জেলায় প্রয়োজনীয় মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনার জন্য জেলা ও উপজেলা প্রশাসন, পুলিশ বিভাগসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়েছে। | ১. ১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত সারাদেশে জাটকা (১০ ইঞ্চির ছোট ইলিশ) আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময়রোধে প্রয়োজনীয় মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ১. পুলিশ সুপার, সিলেট<br>২. উপ-পুলিশ কমিশনার (সদর ও প্রশাসন), সিলেট<br>৩. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট<br>৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট<br>৫. জেলা মৎস্য কর্মকর্তা, সিলেট |
| ২২. | জেলা প্রাণিসম্পদ বিভাগ | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ২৩. | সিলেট বন বিভাগ | উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট জানান, গোয়াইনঘাট উপজেলায় ৪ধারার অন্তর্ভূক্ত বন বিভাগের অনেক জায়গা রয়েছে। ৪ ধারা থেকে জায়গাসমূহ ২০ ধারায় যাচ্ছে না আবার খাসও হচ্ছেনা। এ জায়গাসমূহে ফসল লাগানোয় স্থানীয় লোকজনের সাথে বন বিভাগের দ্বন্দ্ব লেগেই আছে। অনেক মামলাও হচ্ছে। বিষয়টি নিষ্পত্তি হওয়া জরুরি। বিভাগীয় বন কর্মকর্তা জানান, জবরদখলকৃত বনভূমি জেলা প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীর সহযোগীতায় উদ্ধারকরত: বনায়ন কার্যক্রম চলমান আছে। তিনি বনভূমি রিজার্ভেশন প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য অনুরোধ জানান। | গোয়াইনঘাট উপজেলায় ৪ ধারা ও ২০ ধারার অন্তর্ভূক্ত জায়গাসমূহ সরেজমিন পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট<br>২. উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট<br>৩. চেয়ারম্যান, গোয়াইনঘাট উপজেলা পরিষদ, সিলেট |
| ২৪. | পরিবেশ অধিদপ্তর | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ২৫. | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট নির্মাণ সামগ্রীর দাম বৃদ্ধি পাওয়ায় কাজের গতি মন্থর রয়েছে মর্মে অবহিত করেন। | শিক্ষা প্রতিষ্ঠানের নির্মানাধীন ভবনসমূহের গুণগত মান নিশ্চিত করতে নিয়মিত মনিটরিং করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৬. | জেলা শিক্ষা অফিস | উপজেলা পরিষদ চেয়ারম্যান, গোলাপগঞ্জ জানান, মাধ্যমিক বিদ্যালয়সমূহে প্রি-টেস্ট ও টেস্ট পরীক্ষা চলাকালীন অন্যান্য শ্রেণির পাঠদান বন্ধ থাকে। এতে শিক্ষার্থীদের পড়াশোনায় ব্যাঘাত ঘটছে। | মাধ্যমিক বিদ্যালয়সমূহে এসএসসি প্রি-টেস্ট ও টেস্ট পরীক্ষা চলাকালীন অন্যান্য শ্রেণির পাঠদান সচল রাখতে প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করতে হবে। | জেলা শিক্ষা অফিসার, সিলেট |
| ২৭. | জেলা প্রাথমিক শিক্ষা অফিস | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ২৮. | জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এর কার্যক্রম নিয়ে সভায় আলোচনা হয়। | জেলা উপানুষ্ঠানিক শিক্ষা অফিস এর সাথে সংশ্লিষ্ট এনজিও প্রতিষ্ঠানের কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। | সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, সিলেট |
| ২৯. | জেলা সমাজসেবা কাযালয় | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৩০. | প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৩১. | মহিলা বিষয়ক অধিদপ্তর | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৩২. | জেলা শিশু একাডেমী | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৩৩. | যুব উন্নয়ন অধিদপ্তর | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৩৪. | জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৩৫. | ঔষধ প্রশাসন | শহরের বড় ফার্মেসিগুলোতে অভিযান পরিচালনার বিষয়ে আলোচনা হয়। | নকল, ভেজাল, আনরেজিস্টার্ড ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ প্রতিরোধে শহরের বড় ফার্মেসিগুলোতে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। | ঔষধ তত্ত্বাবধায়ক, সিলেট |
| ৩৬. | জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | ভোক্তা অধিকারের নিয়মিত অভিযান পরিচালনা নিয়ে সভা আলোচনা হয়। | শহরের বড় দোকানগুলোতে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। | সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৭. | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর কার্যক্রম নিয়ে আলোচনা হয়। | জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে দৃশ্যমান অভিযান পরিচালনা করতে হবে। | নিরাপদ খাদ্য অফিসার, সিলেট |
| ৩৮. | ফায়ার সার্ভিস সিলেট | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৩৯. | জেলা নির্বাচন অফিস | সিনিয়র জেলা নির্বাচন অফিসার, সিলেট জানান, ৩০ মে ২০২২ হতে অদ্য ২০ নভেম্বর ২০২২ তারিখ পর্যন্ত মাঠ পর্যায়ে ভোটার তালিকা হালনাগাদকরণের কার্যক্রম চলমান ছিলো। এ পর্যন্ত ২,৩৮,৫০০ জন ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হয়েছেন। ২ জানুয়ারি ২০২৩ খসড়া প্রকাশ হবে। ২ মার্চ ২০২৩ তারিখে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে। অদ্যাবধি যারা অন্তর্ভূক্ত হননি, তারা স্ব স্ব উপজেলা নির্বাচন অফিসে গিয়ে ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হতে পারবেন। | ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হননি এমন ব্যাক্তিগণকে স্ব স্ব উপজেলা নির্বাচন অফিসে উপস্থিত হয়ে তালিকায় অন্তর্ভূক্ত হতে স্ব স্ব ক্ষেত্রে প্রচারণা অব্যাহত রাখতে হবে। | ১. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, সিলেট<br>২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), সিলেট<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| ৪০. | বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস | সহকারী পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন। আবেদনপত্র গ্রহণ ও প্রস্তুতকৃত পাসপোর্ট বিতরণ কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | পাসপোর্ট এর ফি ও পাসপোর্ট প্রাপ্তিতে সময়কাল উল্লেখ করে অফিসের সামনে দৃশ্যমান হয় এমন স্থানে বোর্ড স্থাপন করতে হবে। | পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট |
| ৪১. | জেলা তথ্য অফিস | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৪২. | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৪৩. | পিডিবিএফ | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৪৪. | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৪৫. | বিআরডিবি | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৪৬. | জেলা পরিসংখ্যান অফিস | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৪৭. | বিএসটিআই | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৪৮. | জেলা ক্রীড়া অফিস | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪৯. | জেলা সমবায় অফিস | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৫০. | বিসিক | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৫১. | নগর উন্নয়ন অধিদপ্তর | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৫২. | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৫৩. | বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৫৪. | বাংলাদেশ শিল্পকলা একাডেমি | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৫৫. | বিটিসিএল | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৫৬. | জেলা ডাক বিভাগ | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৫৭. | বাংলাদেশ রেলওয়ে | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৫৮. | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৫৯. | আঞ্চলিক শ্রম দপ্তর | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৬০. | বিআরটিএ | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৬১. | তাঁত প্রশিক্ষণ কেন্দ্র | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৬২. | জালালাবাদ গ্যাস | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৬৩. | | (ক)তথ্য প্রযুক্তির ব্যবহার ও ই-ফাইলিং কার্যক্রমঃ তথ্য প্রযুক্তির ব্যবহারে ই ফাইলিং কার্যক্রমে ই-ফাইল এর পরিবর্তে আগামিতে ডি-ফাইল ব্যবহার করা হবে। ডি-ফাইলে আরো অধিক সুবিধা পাওয়া যাবে। ডিজিটাল বাংলাদেশ নির্মাণ করতে হলে তথ্য প্রযুক্তির উপর নির্ভর হতে হবে। ইউনিয়ন পর্যায়ে সেবা কার্যক্রম চালু হয়েছিল। অপটিক্যাল ফাইবারের লাইন নেয়া হয়েছিল।ইউনিয়ন পরিষদের পরবর্তী কার্যক্রম সেখানেই থেমে আছে। ইউনিয়ন পরিষদ পর্যন্ত অপটিক্যাল ফাইবারের লাইনের বিষয় পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১. সকল দপ্তরসমূহে যোগাযোগের ক্ষেত্রে অফিসিয়াল ই-মেইল ব্যবহার করতে হবে। অফিসিয়াল ইমেইল সক্রিয় না থাকলে দ্রুততার সাথে সক্রিয় করতে হবে।<br>২. সকল বিভাগ কে ই-ফাইলে সংযুক্ত হওয়া এবং ই-নথির পাশাপাশি ডি-নথির বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা নিতে হবে। | ১.দপ্তর প্রধান (সকল), সিলেট<br>২. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ | (খ)দক্ষ শ্রমশক্তি সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানঃ প্রবাসী কল্যাণ ভবন, প্রশিক্ষণ অধিশাখা, ঢাকা ও ২৬ জানুয়ারি-২০১৫ তারিখের ২৬৮ নম্বর স্মারকে মাননীয় প্রধানমন্ত্রীর গত ২৩-১১-২০১৪ তারিখে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পরিদর্শনকালীন দিক নির্দেশনা নিম্নরূপ:<br>১। বিদেশে বাংলাদেশী কর্মীদের আরো অধিক হারে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ ও দক্ষ শ্রমশক্তি সৃষ্টির জন্য প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করতে হবে।<br>২। জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালার আলোকে অন্যান্য যে সকল মন্ত্রণালয় ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করে থাকে তাদের সঙ্গে সমন্বয়পূর্বক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অধিক হারে দক্ষ জনশক্তি সৃষ্টি করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনামূলক বক্তব্য প্রশিক্ষণের সাথে সম্পৃক্ত সকল বিভাগ যথাযথভাবে বাস্তবায়ন পূর্বক এর অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রবাসী কল্যাণ ভবন, প্রশিক্ষণ অধিশাখায় প্রেরণের বিষয়ে সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। | দক্ষ শ্রমশক্তি সৃষ্টির লক্ষ্যে নীতিমালার আলোকে প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | দপ্তর প্রধান (সংশ্লিষ্ট সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (গ)<u>দুর্নীতি প্রতিরোধ সংক্রান্তঃ</u> দুর্নীতি একটি সামাজিক ব্যাধি এবং জাতীয় উন্নয়ন ও অগ্রগতির অন্যতম প্রতিবন্ধক। ফলশ্রুতিতে দেশীয় ও বৈদেশিক বিনিয়োগ কাঙ্ক্ষিত পর্যায়ে এখনও পৌঁছেনি। বিভিন্ন প্রতিষ্ঠানের গবেষণায় দেখা গেছে যে, দুর্নীতি রোধ করতে পারলে দেশের জিডিপি প্রতিবছর প্রায় ২% বৃদ্ধি করা সম্ভব। তাই দুর্নীতি প্রতিরোধে প্রো-এ্যাকটিভ মনিটরিংয়ের মাধ্যমে রাষ্ট্রীয় পর্যায়ে সরকারি ক্রয়-প্রক্রিয়া, জনবল নিয়োগ, প্রকল্প গ্রহণ ও প্রকল্প বাস্তবায়নে জেলার আওতাধীন দপ্তরসমূহের দুর্নীতির ধূসর এলাকাসমূহ সনাক্তকরণপূর্বক দুর্নীতি দমন কর্মসূচির আওতাভুক্তকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। **সূত্র:** মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ১৯/০৩/২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৫২১.৩৫.০৬২.১৫-৮৫ নম্বর ডি.ও পত্র। | সংশ্লিষ্ট দপ্তরসমূহকে দুর্নীতি প্রতিরোধে তথ্য প্রবাহ নিশ্চিত করতে হবে। | দপ্তর প্রধান (সকল) |

পরিশেষে জেলার বিভিন্ন বিভাগের গৃহীত উন্নয়ন কার্যক্রম মানসম্মতভাবে যথাসময়ে বাস্তবায়নের মাধ্যমে সরকারের অঙ্গীকার পূরণে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ ও সভায় নিয়মিত উপস্থিত হওয়ার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ মজিবর রহমান
জেলা প্রশাসক, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.০৬.০০৫.২০.১১০৬

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৯
০৫ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
৪) বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন
৬) পুলিশ সুপার, সিলেট
৭) সিভিল সার্জন, সিলেট
৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট
৯) উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
১০) উপপুলিশ কমিশনার (সদর ও প্রশাসন), এসএমপি

১১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট
১২) নির্বাহী প্রকৌশলী ............................................ (সকল), সিলেট
১৩) চেয়ারম্যান ..................................................... উপজেলা পরিষদ (সকল), সিলেট
১৪) উপজেলা নির্বাহী অফিসার................................(সকল), সিলেট
১৫) মেয়র ..........................................., পৌরসভা (সকল), সিলেট
১৬) পরিচালক/উপপরিচালক, ..................................... (সকল), সিলেট
১৭) জেলা .................................................................. কর্মকর্তা/ অফিসার, সিলেট
১৮) সহকারী পরিচালক..............................(সকল),সিলেট
১৯) জেলা প্রাণিসম্পদ অফিসার, সিলেট
২০) বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট
২১) জেলা মৎস্য কর্মকর্তা, সিলেট
২২) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট
২৩) জেলা কমান্ড্যান্ট, জেলা কমান্ড্যান্ট, জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, সিলেট
২৪) ঔষধ প্রশাসন, সিলেট
২৫) সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, সিলেট
২৬) জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১
২৭) জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব), সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২
২৮) জেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট
২৯) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট
৩০) জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), সিলেট
৩১) নিরাপদ খাদ্য অফিসার, সিলেট
৩২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ত্রাণ ও পুনর্বাসন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৩৩) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমি, সিলেট
৩৪) সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা (ভারপ্রাপ্ত), সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট
৩৫) জেলা ক্রীড়া অফিসার, সিলেট
৩৬) জেলা রেজিস্ট্রার, সিলেট
৩৭) জেলা নির্বাচন অফিসার, সিলেট
৩৮) জেলা কালচারাল অফিসার, সিলেট
৩৯) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট
৪০) জেলা সমবায় অফিসার, সিলেট
৪১) উপ-মহাব্যবস্থাপক, বিসিক, খাদিমনগর, সিলেট
৪২) উপ-কমিশনার, আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট
৪৩) উপ-মহাব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস, সিলেট
৪৪) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইন্সটিটিউট, সিলেট
৪৫) উপমহাব্যবস্থাপক (টেলিকম), বিটিসিএল, সিলেট
৪৬) ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, সিলেট
৪৭) স্টেশন ম্যানেজার, সিলেট রেলওয়ে স্টেশন, সিলেট
৪৮) সুপারিনটেনডেন্ট, পিটিআই, সিলেট
৪৯) সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট

৫০) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সাইট্রাস গবেষণা কেন্দ্র, জৈন্তাপুর, সিলেট

৫১) উপ মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, সিলেট

৫২) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, সিলেট

৫৩) আবহাওয়াবিদ, নির্ভরশীল আবহাওয়া অফিস, সিলেট

৫৪) প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, সিলেট

৫৫) ইন্সট্রাক্টর, তাঁত প্রশিক্ষণ কেন্দ্র, বাংলাদেশ তাঁত বোর্ড, সিলেট

৫৬) উপব্যবস্থাপক (বিক্রয়), মেঘনা পেট্রোলিয়াম লি: সিলেট

৫৭) জুনিয়র কনসালটেন্ট (ট্রেনিং), ধর্মীয় ও আর্থ সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত, সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ কার্যক্রম, সিলেট

৫৮) ব্যবস্থাপক, যমুনা অয়েল কোম্পানী লি: সিলেট

৫৯) ব্যবস্থাপক, পদ্মা অয়েল কোম্পানী লি: ,সিলেট

৬০) প্রতিনিধি, ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ (পিজিসিবি) লি: ঢাকা

৬১) ---------------------------------------------------------------------------, সিলেট

মো: মজিবর রহমান
জেলা প্রশাসক